



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

এবং

সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৬-জুন ৩০, ২০১৭

## সূচিপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র .....	৩
উপক্রমিকা: .....	৪
সেকশন-১: এইচইডি এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী .....	৫
সেকশন-২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact) .....	৬
সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ .....	৭
সংযোজনী-১: শব্দসংক্ষেপ (Acronyms) .....	১৩
সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি .....	১৪
সংযোজনী-৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা .....	১৬

## স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the HED)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

রিভাইটাইলজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিসিয়েটিভ ইন বাংলাদেশ (আরসিএইচসিআইবি) শীর্ষক প্রকল্পের আওতায় গত ০৩ (তিন) বছরে ওয়ার্ড পর্যায়ে ৬৯৬টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ কাজ সমাপ্ত করা হয়েছে। চলমান স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাত উন্নয়ন কর্মসূচী (এইচপিএনএসডিপি) এর আওতায় ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (পিএফডি) শীর্ষক অপারেশনাল প্ল্যান (ওপি) এর অন্তর্ভুক্ত কাজের মধ্যে ১৯২টি ইউনিয়ন ও স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্র (ইউএইচএন্ডএফডব্লিউসি) উন্নীতকরণ, ১৭টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (ইউএইচএন্ডএফডব্লিউসি) নির্মাণ, ৩৪টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (ইউডেজএইচসি) ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণ, ২টি ৩০/৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (ইউডেজএইচসি) নির্মাণ, ১টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৫০ শয্যা হতে ১০০ শয্যায় উন্নীতকরণ, ২৬টি ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র (এমসিডব্লিউসি) নির্মাণ, ২টি ২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ করা হয়েছে। এছাড়া বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান এন্ড সার্জনস্ (বিসিপিএস) ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ (২য় পর্যায়), জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান (আইপিএইচএন) ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ট হাসপাতালের ওপিডি ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ কাজ সম্পন্ন করা হয়েছে। ঢাকার মহাখালীতে স্বাস্থ্য অধিদপ্তরের অফিস ভবন নির্মাণ কাজ (১ম পর্যায়) ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস ভবন নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। এছাড়া সাতক্ষীরা ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল (প্রায় ৩.০০ লক্ষ বর্গফুট) নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল (ডিপিপি) এর আওতায় শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণ কাজের অন্তর্ভুক্ত বিদ্যমান হাসপাতাল ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ কাজ সম্পন্ন করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর কার্যপরিধি অনুযায়ী জনবলের স্বল্পতা, দক্ষ মানব সম্পদ ও প্রশিক্ষণের অভাব, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কাজ তদারকিতে যানবাহনের অপ্রতুলতা, নতুন প্রকল্প বাস্তবায়নে ভূমি অধিগ্রহণের দীর্ঘসূত্রিতা ও নির্মাণ স্থান প্রাপ্তিতে জটিলতা, মামলা সংক্রান্ত জটিলতা, দুর্গম ও প্রত্যন্ত অঞ্চলে (পার্বত্য অঞ্চল, হাওড়/বাওড়, দ্বীপ এলাকা) প্রকল্প বাস্তবায়নের সীমাবদ্ধতা, ঠিকাদারের আর্থিক ব্যবস্থাপনায় দুর্বলতা ইত্যাদি কারণে প্রকল্প কাজ বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার সৃষ্টি হচ্ছে।

বরাদ্দের অপ্রতুলতা, জনবলের স্বল্পতা, ভূমি অধিগ্রহণে জটিলতা, ক্রয় প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা ইত্যাদি অতিক্রান্ত করে কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনই অন্যতম চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

চলমান স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ ও সম্প্রসারণ ধারাবাহিকভাবে বৃদ্ধির লক্ষ্যে ভবিষ্যৎ পরিকল্পনার অংশ হিসেবে ৩০০টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ, ১০০টি ইউনিয়ন ও স্বাস্থ্য পরিবার কল্যাণ কেন্দ্র (ইউএইচএন্ডএফডব্লিউসি) উন্নীতকরণ, ২০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (ইউএইচএন্ডএফডব্লিউসি) নির্মাণ, ১৮টি মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ, ৫টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (ইউডেজএইচসি) ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণ, ১টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (ইউডেজএইচসি) ৫০ শয্যা হতে ১০০ শয্যায় উন্নীতকরণ, ৬টি ৩১/৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (ইউডেজএইচসি) নির্মাণ, ৩টি এফডব্লিউডিআই উন্নীতকরণ/ নির্মাণ, ৩টি ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি) নির্মাণ কাজ, ৬টি মেডিকেল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) নির্মাণ, ঢাকার মহাখালীতে ইপিআই সেন্ট্রাল ওয়ারহাউজ নির্মাণ, ২টি নার্সিং কলেজ নির্মাণ ও ১টি ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ কাজ বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

২০১৬-২০১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ০৭ টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ
- ৮০ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র উন্নীতকরণ
- ০৮ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ
- ২৮ টি ১০-শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ
- ১২ টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ
- ০৪ টি ৫০-শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণ
- ০১ টি ৫০-শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ
- ০২ টি মেডিকেল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) নির্মাণ
- ০৩ টি নার্সিং কলেজ (এনসি) নির্মাণ
- ০৪ টি ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি) নির্মাণ
- শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন (অগ্রগতি ৪০%)
- সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণ (অগ্রগতি ৩০%)

## উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে -

প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

এবং

সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ২৮ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন-১

এইচইডি (HED) এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision):

মানসম্মত স্বাস্থ্য অবকাঠামো উন্নত স্বাস্থ্য সেবার সহায়ক।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

যথাসময়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ এবং বিদ্যমান অবকাঠামো সম্প্রসারণসহ মানসম্মত মেরামত ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে স্থাপনা সমূহকে উন্নত স্বাস্থ্য সেবা প্রদানের উপযোগী রাখা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ এইচইডি এর কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ, সম্প্রসারণ, নবরূপায়ন, মেরামত ও রক্ষণাবেক্ষণ
২. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৪. কার্য পদ্ধতি ও সেবার মানোন্নয়ন
৫. কর্ম পরিবেশ উন্নয়ন
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলী (Functions):

১. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ, সম্প্রসারণ ও নবরূপায়ন
২. সারাদেশে বিদ্যমান স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্থাপনা সমূহের রুটিন, পিরিওডিক্যাল, জরুরী ও দৈনন্দিন মেরামত ও সংস্কার কাজ
৩. স্বাস্থ্য সেবা সম্পর্কিত স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ, সম্প্রসারণ, নবরূপায়ন, মেরামত ও রক্ষণাবেক্ষণ

সেকশন ২

মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)	চূড়ান্ত ফলাফল সূচক (Performance Indicator)	একক (Unit)	ভিত্তিবছর ২০১৪-১৫	প্রকৃত অর্জন * ২০১৫-১৬	লক্ষ্যমাত্রা ২০১৬-১৭	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
						২০১৭-১৮	২০১৮-১৯		
শিশু মৃত্যু হ্রাস	শিশু মৃত্যু হার	প্রতি হাজারে	৩৮	৩৭	৩৬	৩৫	৩৫	স্থানীয় সরকার বিভাগ	বিডিএইচএস ২০১৪, ইউনিসেফ
মাতৃ মৃত্যু হ্রাস	মাতৃ মৃত্যু অনুপাত	প্রতি লক্ষে	১৭৬	১৭৬	১৭৪	১৭০	১৬৫	স্থানীয় সরকার বিভাগ	বিএমএমএস ২০১৪, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, ২০১৫
মোট প্রজনন হার (TFR) হ্রাস	মোট প্রজনন হার (TFR)	প্রতি মহিলায়	২.২	২.১	২.০	২.০	২.০	স্থানীয় সরকার বিভাগ	বিডিএইচএস ২০১৪
অনুর্ধ্ব ৫ বছর বয়সী শিশুর অপুষ্টি হ্রাস	অনুর্ধ্ব ৫ বছর বয়সী শিশুর অপুষ্টির হার	প্রতি হাজারে	৩৪	৩৩	৩২	৩২	৩২	স্থানীয় সরকার বিভাগ	বিডিএইচএস ২০১৪
সম্প্রসারিত টিকাদান কর্মসূচীর সম্প্রসারণ	টিকাদান কভারেজ হার (এমসিডি-১)	%	৮৬	৮৬.৫	৮৭	৮৯	৯০	স্থানীয় সরকার বিভাগ	ইপিআই কভারেজ সার্ভে ২০১৪
সেবা প্রাপ্তির সুযোগ বৃদ্ধি	জনসংখ্যা ও চিকিৎসকের অনুপাত	প্রতি ১০ হাজারে	৩.৭	৪.০	৪.২	৪.৪	৪.৬		এইচআর ডাটা সিট, হেলথ বুগেটিন
সেবা প্রাপ্তির সুযোগ বৃদ্ধি	জনসংখ্যা ও নার্সেও অনুপাত	প্রতি ১০ হাজারে	১.১৫	১.২০	১.২৫	১.৩০	১.৩৫		এইচআর ডাটা সিট, হেলথ বুগেটিন

\* সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	অর্জিত বছর ২০১৪-১৫	প্রকৃত অর্জন * ২০১৫-১৬	লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৬-২০১৭ (Target/Criteria Value for FY 2016-2017)				প্রক্ষেপণ ২০১৭-১৮	প্রক্ষেপণ ২০১৮-১৯	
								অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%			চলতি মানের নিম্নে ৬০%
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ														
[১] স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ, সম্প্রসারণ, নবরূপায়ন, মোরামত ও রক্ষণাবেক্ষণ	৭৫	[১.১] কমিউনিটি ক্লিনিক নির্মাণ	[১.১.১] নির্মিত ক্লিনিক	সংখ্যা (ক্রমপঞ্জিভূত)	০.৪০	১৩৩০০	১৩৩৪২	১৩৩৪৯	১৩৩৪৮	১৩৩৪৭	১৩৩৪৬	১৩৩৪৫	১৩৫০০	১৩৬০০
		[১.২] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র উন্নীতকরণ	[১.২.১] উন্নীত কেন্দ্র	সংখ্যা (ক্রমপঞ্জিভূত)	৪.০০	১৫৬৩	১৬০৩	১৬৮৩	১৬৭৮	১৬৭৩	১৬৬৮	১৬৬৩	১৬২৩	১৭৩৪
		[১.৩] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ	[১.৩.১] নির্মিত কেন্দ্র	সংখ্যা (ক্রমপঞ্জিভূত)	১.৬০	৩৮৯৪	৩৮৯৮	৩৯০৬	৩৯০৫	৩৯০৪	৩৯০৩	৩৯০২	৩৯১৬	৩৯২৬
		[১.৪] ১০ শয্যা মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ	[১.৪.১] নির্মিত কেন্দ্র	সংখ্যা (ক্রমপঞ্জিভূত)	৭.০০	৯	২৬	৫৪	৫২	৫০	৪৪	৪৬	৮০	৮০
		[১.৫] উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ	[১.৫.১] উন্নীত কেন্দ্র	সংখ্যা (ক্রমপঞ্জিভূত)	৬.০০	৩১৪	৩২৩	৩৩৫	৩৩৩	৩৩১	৩৩০	৩২৯	৩৪৫	৩৫৫
		[১.৬] ৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণ	[১.৬.১] নির্মিত কেন্দ্র	সংখ্যা	৬.০০	-	-	৮	৩	২	-	১	১	১

\* সাময়িক (provisional) তথ্য

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	ভিত্তি বছর ২০১৪-১৫	প্রকৃত অর্জন * ২০১৫-১৬	লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৬-২০১৭ (Target/Criteria Value for FY 2016-2017)					প্রক্ষেপণ ২০১৭-১৮	প্রক্ষেপণ ২০১৮-১৯	
								অসাধারণ ১০০%	অতি উত্তম ৯০%	উত্তম ৮০%	চলতি মান ৭০%	চলতি মানের নিম্ন ৬০%			
															অসাধারণ ১
		[১.৭] ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ	[১.৭.১] নির্মিত কেন্দ্র	সংখ্যা	২.০০	-	-	১	-	-	১	-	-		
		[১.৮] ম্যাট্রিস নির্মাণ	[১.৮.১] নির্মিত কেন্দ্র	সংখ্যা	৪.০০	-	১	-	-	-	-	২	-	২	
		[১.৯] নাসিং কলেজ নির্মাণ	[১.৯.১] নির্মিত কেন্দ্র	সংখ্যা (ক্রমপঞ্জিত)	৯.০০	২	২	৫	৮	৩	-	৭	৮	৮	
		[১.১০] আইএইচটি নির্মাণ	[১.১০.১] নির্মিত কেন্দ্র	সংখ্যা	১২.০০	-	-	৮	৩	২	১	৩	২	২	
		[১.১১] স্বাস্থ্য অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ	[১.১১.১] মেরামতকৃত কেন্দ্রের অগ্রগতির হার	%	১০.০০	৯৪.৫০	৯৫.০০	৯৫.০০	৯৪.৮০	৯৪.৭০	৯৪.৬০	৯৫.০০	৯৫.০০	৯৫.০০	
		[১.১২] শেখ সায়েদী খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণ	[১.১২.১] নির্মাণের অগ্রগতির হার	%	৮.০০	৬	২০	৩৫	৩২	৩০	২৮	২৮	১০০	১০০	
		[১.১৩] সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণ	[১.১৩.১] নির্মাণের অগ্রগতির হার	%	৫.০০	১	১০	২৬	২৬	২৪	২২	২২	৬০	৬০	

\* সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator)	ভিত্তি বছর ২০১৪-১৫	প্রকৃত অর্জন * ২০১৫-১৬	লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৬-২০১৭ (Target/Criteria Value for FY 2016-2017)				প্রক্ষেপণ ২০১৭-১৮	প্রক্ষেপণ ২০১৮-১৯
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান		
(২) প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ	৫	[২.১] জনবল নিয়োগ, পদোন্নতি	[২.১.১] নিয়োগকৃত জনবল	সংখ্যা	৫.০০	৫২	৭৭	১০০%	৯০%	৮০%	৭০%	৮০%	৬০%
								৫০	৪৫	৪৩	৪২	৪০	৬০

\* সাময়িক (provisional) তথ্য

সেকশন-৩  
দপ্তর/ সংস্থার আর্থিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	কলাম-৫ কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	কলাম-৬ লক্ষ্যমাত্রার মান-২০১৬-১৭				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
দক্ষতার সংশ্লিষ্ট বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৬	২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	১	১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
		মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১	২৬-৩০ জুন	২২ মে	২৪ মে	২৫ মে	২৬ মে
		২০১৫-১৬ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	১৪ জুলাই	১৭ জুলাই	১৮ জুলাই	১৯ জুলাই	২০ জুলাই
		২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	২	-	-
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	২২ জানুয়ারী	২৩ জানুয়ারী	২৪ জানুয়ারী	২৫ জানুয়ারী	২৬ জানুয়ারী
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা	সংখ্যা	১	৩	২	১	-	-
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	২	সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময় *	জনঘন্টা	১	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১	১৫ জুলাই	৩১ জুলাই	-	-	-
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	২	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	৪	৩	২	-	-
		বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	১	প্রতি মাসের ১ম সপ্তাহ	প্রতি মাসের ২য় সপ্তাহ	প্রতি মাসের ৩য় সপ্তাহ	-	-
		বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ	বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৫ ডিসেম্বর


\* ৬০ ঘন্টা প্রশিক্ষণের মধ্যে অন্তত ২০ ঘন্টা সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকবে।

কলাম-১ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কলাম-২ কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কলাম-৩ কার্যক্রম (Activities)	কলাম-৪ কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	কলাম-৫ একক (Unit)	কলাম-৬ লক্ষ্যমাত্রার মান-২০১৬-১৭					
					অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)	
কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন	৫	ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন	দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত	তারিখ	১০০%	৯০%	৮০%	৭০%	৬০%	
		পিআরএল শুরু ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ	পিআরএল শুরু ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত	%	১০০	৯০	৮০	-	-	-
		সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	দপ্তর/ সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত	তারিখ	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারী	২৮ ফেব্রুয়ারী	-	-	-
		অভিযোগ হ্রাসকার ব্যবস্থা বাস্তবায়ন	দপ্তর/সংস্থার কমপক্ষে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত	তারিখ	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারী	২৮ ফেব্রুয়ারী	-	-	-
কর্ম পরিবেশ উন্নয়ন	৩	অভিযোগ হ্রাসকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	৯০	৮০	৭০	৬০	৫০	
		অফিস ভবন ও অঙ্গিনা পরিচ্ছন্ন রাখা	নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও অঙ্গিনা পরিচ্ছন্ন	তারিখ	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারী	-	-	
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	১	সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা	টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারী	-	-	
		সেবার মান সম্পর্কে সেবাহীতাদের মতামত পর্যবেক্ষণের ব্যবস্থা চালু করা	সেবার মান সম্পর্কে সেবাহীতাদের মতামত মতামত পর্যবেক্ষণের ব্যবস্থা চালুকৃত	তারিখ	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারী	-	-	
		অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	৫০	৪৫	৪০	৩৫	৩০	

আমি, প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।


স্বাক্ষরিত :



প্রধান প্রকৌশলী  
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)

২৬/০৭/১৬

তারিখ



সচিব  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

২৬/০৩/১৬

তারিখ

## শব্দসংক্ষেপ (Acronyms)

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	এইচইডি	হেলথ ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট
২	আরসিএইচসিআইবি	রিভাইটালাইজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিসিয়েটিভ ইন বাংলাদেশ
৩	এইচপিএনএসডিপি	হেলথ, পপুলেশন এন্ড নিউট্রিশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম
৪	পিএফডি	ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট
৫	ওপি	অপারেশনাল প্ল্যান
৬	ইউএইচএন্ডএফডব্লিউসি	ইউনিয়ন হেলথ এন্ড ফ্যামিলি ওয়েলফেয়ার সেন্টার
৭	ইউজেডএইচসি	উপজেলা হেলথ কমপ্লেক্স
৮	এমসিডব্লিউসি	মাদার এন্ড চাইল্ড ওয়েলফেয়ার সেন্টার
৯	বিসিপিএস	বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস এন্ড সার্জনস
১০	আইপিএইচএন	ইনস্টিটিউট অব পাবলিক হেলথ এন্ড নিউট্রিশন
১১	ডিপিপি	ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল
১২	আইএইচটি	ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি
১৩	ম্যাটস্	মেডিক্যাল এ্যাসিসট্যান্ট ট্রেনিং স্কুল
১৪	এনসি	নার্সিং কলেজ
১৫	টিএফআর	টোটাল ফার্টিলিটি রোট
১৬	সিবিএইচসি	কমিউনিটি বেইজড হেলথ কেয়ার

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি - এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র	সাধারণ মন্তব্য
[১.১] কমিউনিটি ক্লিনিক নির্মাণ	[১.১.১] নির্মিত ক্লিনিক	প্রতি ৬০০০ জনগোষ্ঠীর জন্য ১টি করে কমিউনিটি ক্লিনিক প্রতিষ্ঠা করা এর উদ্দেশ্য। বর্তমান লক্ষ্যমাত্রা হচ্ছে ১৩৬৮১টি কমিউনিটি ক্লিনিক স্থাপন করা। এই সূচক লক্ষ্যমাত্রা অর্জনে সহায়তা করবে। এই স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান হতে প্রাথমিক স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনা সেবা দেয়া হয়। এছাড়া প্রত্যেকটি কমিউনিটি ক্লিনিকে স্বাভাবিক প্রসব প্রদানের পরিকল্পনা আছে।	সিবিএইচসি (CBHC), স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	
[১.২] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র উন্নীতকরণ	[১.২.১] উন্নীত কেন্দ্র	সারাদেশব্যাপি বিদ্যমান ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পর্যায়ক্রমে উন্নীতকরণের মাধ্যমে জনগণের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রাপ্তিতে সহায়ক হবে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	
[১.৩] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ	[১.৩.১] নির্মিত কেন্দ্র	পাঁচ স্তর বিশিষ্ট স্বাস্থ্য সেবা প্রদানের প্রাতিষ্ঠানিক কাঠামোর দ্বিতীয় স্তর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র। এই কেন্দ্রের সংখ্যা বৃদ্ধি জনগণের প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রাপ্তিতে সহায়ক হবে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	
[১.৪] ১০ শয্যা মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ	[১.৪.১] নির্মিত কেন্দ্র	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে দূরবর্তী স্থানে অবস্থিত গুরুত্বপূর্ণ হাট/ বাজার /বন্দর ইত্যাদি এলাকায় ১০ শয্যাবিশিষ্ট হাসপাতাল নির্মাণ কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। এ সকল কেন্দ্রে প্রাথমিক স্বাস্থ্য সেবাসহ পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা সম্ভব হবে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	
[১.৫] উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ	[১.৫.১] উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স	উপজেলা পর্যায়ের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা সহ প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে পর্যায়ক্রমে সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স -এর শয্যা সংখ্যা ৩১ হতে বৃদ্ধি করে ৫০ শয্যা করার কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	
[১.৬] ৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণ	[১.৬.১] উন্নীত কেন্দ্র	উপজেলা পর্যায়ের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবাসহ প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করতে নব-প্রতিষ্ঠিত প্রতিটি উপজেলাতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	
[১.৭] ৫০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ	[১.৭.১] নির্মাণ কেন্দ্র	দেশে ক্রমাগত ডায়াবেটিক রোগীর সংখ্যা বৃদ্ধি পাওয়ায় এ রোগ নিয়ন্ত্রণ ও রোগীদের সেবা প্রদানের লক্ষ্যে সরকার ডায়াবেটিক হাসপাতাল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র	সাধারণ মন্তব্য
[১.৮] ম্যাটিস্ নির্মাণ	[১.৮.১] নির্মিত কেন্দ্র	মানসম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য দক্ষ কর্মীর চাহিদা বিবেচনা করে সরকার মেডিক্যাল এ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাটিস) প্রতিষ্ঠান নির্মাণের পরিকল্পনা করেছে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	
[১.৯] নার্সিং কলেজ নির্মাণ	[১.৯.১] নির্মিত কেন্দ্র	মানসম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য নার্সিং সেবা অপরিহার্য। দেশে বিদেশে দক্ষ নার্সের চাহিদা বিবেচনা করে সরকার দক্ষ নার্স তৈরীর জন্য নতুন নার্সিং কলেজ নির্মাণের পরিকল্পনা করেছে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর, সেবা পরিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	
[১.১০] আইএইচটি নির্মাণ	[১.১০.১] নির্মিত কেন্দ্র	মানসম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য স্বাস্থ্য সেবা সহকারী, ল্যাবরেটরী টেকনিশিয়ান ইত্যাদি জনবল প্রশিক্ষণ গ্রহণের জন্য সরকার ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজী (আইএইচটি) প্রতিষ্ঠান নির্মাণের পরিকল্পনা করেছে।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	
[১.১১] স্বাস্থ্য অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ	[১.১১.১] মেরামতকৃত কেন্দ্রের অগ্রগতির হার	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বিদ্যমান অবকাঠামো সমূহের রুটিন, পিরিওডিক্যাল ও দৈনন্দিন মেরামত ও সংস্কার কাজের জন্য রাজস্ব বাজেট হতে অর্থ বরাদ্দ করা হয়। মন্ত্রণালয় ও ব্যবহারকারী কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী মেরামত ও সংস্কার কাজ বাস্তবায়ন করা হয়।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	
[১.১২] শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণ	[১.১২.১] নির্মাণের অগ্রগতির হার	মন্ত্রণালয় কর্তৃক ডিপ্লিপি'র আওতায় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রতিষ্ঠান স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়। সে অনুযায়ী উক্ত প্রকল্প কাজ বাস্তবায়ন করা হয়।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	
[১.১৩] সাতক্ষীরা মেডিকেল কলেজ ও হাসপাতাল নির্মাণ	[১.১৩.১] নির্মাণের অগ্রগতির হার	মন্ত্রণালয় কর্তৃক ডিপ্লিপি'র আওতায় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রতিষ্ঠান স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়। সে অনুযায়ী উক্ত প্রকল্প কাজ বাস্তবায়ন করা হয়।	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন	

সংযোজনী-৩: অন্যান্য দপ্তর/সংস্থার নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

প্রতিষ্ঠানের ধরণ	প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থার প্রত্যাশিত সহায়তা	প্রত্যাশার যৌক্তিকতা	উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
প্রকল্প	সিবিএইচসি	নির্মিত কমিউনিটি ক্লিনিক	সিবিএইচসি কর্তৃক কমিউনিটি ক্লিনিক নির্মাণের জমির তফসিল অনুমোদন	কমিউনিটি ক্লিনিক স্থাপনের লক্ষ্যে জমির তফসিল অনুমোদনের পর নির্মাণ কাজ বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হয়।	৫০%	লক্ষ্যমাত্রা অর্জন ব্যতীত হবে।